কাজেম আলী স্কুল এন্ড কলেজ

দ্বাদশ শ্রেণি

২য় মূল্যায়ণ পরীক্ষা- ২০২১

বিষয়:- ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা

বিষয় কোড: ১৯১, ১৯২

সময়: ১ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান: ৫০**

[দুইটি প্রশ্নের উত্তর দিতে হবে]

১। সামাদ সাহেব একজন চাকরিজীবি। তিনি একটি চুম্বকীয় প্লাস্টিক কার্ডের মালিক। সেই কার্ড ব্যবহার করে তিনি সহজে, কেনাকাটা করতে পারেন। হঠাৎ একদিন তিনি ঐ কার্ড ব্যবহার করেও ক্রয়কৃত দ্রব্যের দাম সম্পূর্ণ পরিশোধ করতে ব্যর্থ হয়ে অন্য একটি কার্ডের মালিক হবার কথা ভাবলেন এবং ব্যাংকের সাথে যোগাযোগ করে কার্ডটি সংগ্রহ করেন। কার্ডটির খরচ পূর্বের খরচের তুলনায় বেশি হলেও বাড়তি সুবিধা রয়েছে।

ক) E. Banking বা অনলাইন ব্যাংকিং কী? ১

খ) মোবাইল ব্যাংকিং জনপ্রিয় কেন? ২

গ) উদ্দীপকের সামাদ সাহেব প্রথমে কোন কার্ডের মালিক ছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে সামাদ সাহেবের দ্বিতীয় কার্ডটি সংগ্রহের যৌক্তিকতা ছিল কি? তোমার উত্তরের স্বপক্ষে, যুক্তিসহকারে বিশ্লেষণ কর। ৪

২। মিসেস নিপা একটি বহুজাতিক কোম্পানির কর্মকর্তা। তিনি 'অগ্র ব্যাংক লি: এ একাধিক হিসাব পরিচালনা করেন। তিনি ব্যাংকে যে কোনো কাজের জন্য গেলে একজন ব্যাংক কর্মকর্তার কাছ থেকেই তার প্রয়োজনীয় সার্ভিস বা সেবা গ্রহণ করেন। তিনি অতি ব্যস্ত সময় অতিবাহিত করার কারণে বিমার প্রিমিয়ামসহ গ্যাস, পানি ও বিদ্যুৎ বিল নিয়মিত পরিশোধের ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হচ্ছেন। বিষয়টি জানতে পেরে উক্ত ব্যাংকের ব্যবস্থাপক মিসেস নিপাকে ব্যাংকের ওয়েবসাইট নাম ও নির্দিষ্ট পাসওয়ার্ড দ্বারা নিবন্ধিত হয়ে ব্যাংকিং সেবা গ্রহণ উৎসাহিত করেন।

ক) SWIFT র পূর্ণরূপ লিখ। ১

খ) ATM র পূর্ণরূপ লিখ ও ATM র কার্যকারিতা লিখ। ২

গ) উদ্দীপকে মিসেস নিপা ব্যাংকে গিয়ে একজন ব্যাংক কর্মকর্তার মাধ্যমে সকল ব্যাংকিং সুবিধা/ সেবা গ্রহণ করে- এখানে কোন ধরনের ব্যাংকিং সেবার কথা বলা হয়েছে ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে 'অগ্র ব্যাংকং লি: এর ব্যবস্থাপক মিসেস নিপাকে যে পরামর্শ দিয়েছেন সেটি কি তার সমস্যা সমাধানে সক্ষম বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৩। মি. রাহাত ও মি. আরিফ উভয়ই 'মুন ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড'- এর সাথে অগ্নিবিমা করেন। মি. রাহাত পাটের ব্যবসায়ী ও মি. আরিফ প্রিন্টিং প্রেসের ব্যবসায়ী। মি. রাহাত তার গুদামে সংরক্ষিত ৫০,০০০ টাকা মূল্যের পাটের জন্য ৩০,০০০ টাকা মূল্যের একটি অগ্নিবিমাপত্র নেন। পরবর্তীতে শর্টসার্কিটের কারণে সংঘটিত অগ্নিকাণ্ডে ৪০,০০০ টাকার পাট পুড়ে ধ্বংস হয়ে যায়। কিন্তু বিমা প্রতিষ্ঠান তাকে ৩০,০০০ টাকাই পরিশোধ করে। অন্যদিকে, মি. আরিফের প্রেসের পিন্টিং মেশিনে আগুন লেগে তা একেবারেই অচল হয়ে পড়ে। এতে বিমা প্রতিষ্ঠান তাকে আর্থিক কোনো ক্ষতিপূরণ না দিয়ে নতুন আর একটি মেশিন কারখানাতে স্থাপন করে দেয়। এতে রাহাত একটু মনঃক্ষুণ্ন হলেও বিমা কর্মকর্তা নিজেদের সঠিক দাবি করেন।

ক) প্রিমিয়াম কী? ১

খ) অগ্নিবিমার নৈতিক ঝুঁকি বলতে কী বোঝ? ২

গ) উদ্দীপকের মি. রাহাত কোন ধরনের অগ্নিবিমাপত্র সংগ্রহ করেছিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ) উদ্দীপকে বিমা কর্মকর্তা তাদের সিদ্ধান্তকে সঠিক বলার পেছনে যথার্থতা মূল্যায়ন করো। ৪

বহুনির্বাচনী অংশ-১০

১। **১৯৬১ সালে প্রথম ইলেকট্রনিক ব্যাংকিং ব্যবস্থার প্রবর্তন করে কোন ব্যাংক?**
ক) ফ্লানকিন ন্যাশনাল ব্যাংক খ) আমেরিকান এক্সপ্রেসা ব্যাংক
গ) দি ন্যাশনাল সিটি ব্যাংক অব নিউইয়র্ক ঘ) ব্যাংক অব ইংল্যান্ড

২। **নিচের কোন পদ্ধতি কাগজী মুদ্রার ব্যবহার কমায়?**
i) অনলাইন ii) ক্রেডিট কার্ড iii) ডেবিট কার্ড
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩। **গ্রাহক সেবায় ব্যবহৃত আধুনিক লেনদেন যন্ত্রগুলো হলো-**
i) ডেবিট কার্ড ii) এটিএম iii) বিক্রয়সেবা বিন্দু বা পিওএস
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪। **নিচের কোনটি ই-ব্যাংকিং সেবার মধ্যে পড়ে না?**
ক) মোবাইল ব্যাংকিং খ) অনলাইন ব্যাংকিং
গ) ইন্টারনেট ব্যাংকিং ঘ) চেকের মাধ্যমে ব্যাংকিং

৫। **রাজন সাহেব আগে চেক বই দ্বারা টাকা তুলতেন। এখন তিনি একটি কার্ড দিয়ে টাকা উত্তোলন করেন। রাজন সাহেবের কার্ডটির নাম কী?**
ক) GMT কার্ড খ) Punch কার্ড গ) ATM কার্ড ঘ) এমএলএম কার্ড

৬। **ATM কার্ডের নকল না হওয়ার ক্ষেত্রে কোনটি ভূমিকা রাখে?**
ক) ইন্টারলিভড পদ্ধতি খ) সিকিউরিটি এলার্ম পদ্ধতি
গ) ম্যাগনেটিকের আবরণ ঘ) নির্দিষ্ট পিন নম্বর দেওয়া

৭। **বাংলাদেশের কোন ব্যাংক সর্বপ্রথম এটিএম কার্ড চালু করে?**
ক) আমেরিকান এক্সপ্রেস খ) এইচএসবিসি
গ) স্ট্যান্ডার্ড চার্টার্ড ঘ) সিটি ব্যাংক এন.এ

৮। **বিশ্বে বর্তমানে প্রচলিত ক্রেডিট কার্ড হলো-**
i) PayPal ii) American Express iii) VISA Card
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯। **বাংলাদেশে প্রথম মুঠোফোন (Mobile) ব্যাংকিং সুবিধা চালু করে কোন ব্যাংক?**
ক) ডাচ বাংলা ব্যাংক খ) ব্র্যাক ব্যাংক
গ) ওয়ান ব্যাংক ঘ) সোনালী ব্যাংক

১০। **SWIFT কী?**
ক) একটি ব্যাংকিং সংস্থা খ) ক্রেডিট রেটিং সংস্থা
গ) একটি পরিশোধ পদ্ধতি ঘ) একটি আন্তর্জাতিক ব্যাংক

১১। **শিল্প বিপ্লবের ফলে নৌ-বিমার পাশাপাশি কোন বিমার প্রচলন ঘটে?**
ক) অগ্নি খ) জীবন গ) নৌ ঘ) সাধারণ

১২। **নিচের কোন ধরনের সম্পত্তির জন্য অগ্নিবিমা করা হয়?**
ক) যানবাহন খ) বিমান গ) কারখানা ঘ) পণ্য

১৩। **প্রিমিয়ামের পরিমাণ তুলনামূলক কম কোনটিতে?**
ক) সাধারণ অগ্নি বিমা পত্রে খ) বিশেষ অগ্নি বিমা পত্রে
গ) অমূল্যায়িত বিমা পত্রে ঘ) ভাসমান অগ্নি বিমা পত্র

১৪। **'পুরোনো প্রদীপের বদলে নতুন প্রদীপ' বিমাপত্র নিচের কোনটি?**
ক) সমন্বয়যোগ্য খ) মূল্যায়িত গ) ঘোষণামুক্ত ঘ) প্রতিস্থাপন

১৫। **কোন বিমাপত্রে ক্ষতিপূরণের বদলে সম্পদ প্রদান করা হয়?**
ক) পুণঃস্থাপন খ) ভাসমান গ) বাড়তি ঘ) ঘোষণামুক্ত

১৬। **অগ্নি বিমাপত্রের প্রস্তাব ফরম সংগ্রহ করে তা পূরণের মাধ্যমে কোন ধাপ সম্পন্ন হয়?**
ক) সম্পূর্ণ ধাপ খ) প্রাথমিক ধাপ গ) শেষ ধাপ ঘ) মধ্যম ধাপ

১৭। **অগ্নিবিমার সাধারণ উপাদান হলো-**
i) দুটি পক্ষ ii) ক্ষতিপূরণ iii) স্বীকৃতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৮। **অগ্নিকাণ্ডের প্রত্যক্ষ কারণ হলো-**
i) অগ্নিসংযোগ ii) ত্রুটিপূর্ণ নির্মাণ কাঠামো iii) অসতর্কতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপক পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:
জনাব তৃষা পঞ্চাশ হাজার টাকায় কেনা একটি চিত্রকর্ম এক লক্ষ টাকায় অগ্নিবিমা করেন। আগুন লেগে চিত্রকর্মটির ২৫% বিনষ্ট হয়ে যায়।

১৯। **বিমা প্রতিষ্ঠান জনাব তৃষাকে কত টাকা ক্ষতিপূরণ দিবে?**
ক) ২৫,০০০ খ) ৫০,০০০ গ) ৭৫,০০০ ঘ) ১,০০,০০০

২০। **জনাব তৃষা কোন ধরনের অগ্নি বিমাপত্র সংগ্রহ করেছেন?**
ক) নির্দিষ্ট খ) মূল্যায়িত গ) অমূল্যায়িত ঘ) গড়পরতা বিমাতপত্র